

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৫১৬

১/ বিবিধ

আরবী

أكثرُوا ذكرَ الله حتى يقول المنافقون: إنكم مرءون
ضعيف

أخرجه ابن المبارك في " الزهد " (1022 / 1 / 204 ط) وعبد الله بن أحمد في " زوائد
الزهد " (ص 108) من طريق سعيد بن زيد عن عمرو بن مالك عن أبي الجوزاء
مرفوعا. وهذا سند ضعيف، لإرساله وضعف سعيد بن زيد. وقد روي عن أبي الجوزاء
عن ابن عباس متصلا مرفوعا ولكن إسناده ضعيف جدا، وهو الذي قبله

বাংলা

৫১৬। তোমরা আল্লাহকে বেশী বেশী স্মরণ কর। যাতে করে মুনাফিকরা বলে যে, তোমরা দেখানোর জন্য তা
করছ।

হাদীছটি দুর্বল।

এটিকে ইবনুল মুবারাক “আয-যুহুদ’ (১/২০৪/১০২২) গ্রন্থে এবং আব্দুল্লাহ ইবনু আহমাদ "যাওয়ায়েদুয যুহুদ"
(পৃঃ ১০৮) গ্রন্থে সাঈদ ইবনু যায়েদ সূত্রে আমর ইবনু মালেক হতে তিনি আবুয জাওয়া হতে মারফু’ হিসাবে বর্ণনা
করেছেন।

এ সনদটি দুর্বল। মুরসাল এবং সাঈদ ইবনু যায়েদ দুর্বল হওয়ার কারণে।

আবুয জাওয়া সূত্রে ইবনু আব্বাস (রাঃ) হতে মারফু মুত্তাসিল হিসাবে বর্ণিত হয়েছে। কিন্তু তার সনদটি খুবই
দুর্বল। সেটি পূর্বের আলোচিত হাদীছটি। সেটির ন্যায় নিম্নোক্ত (৫১৭ নং) হাদীছটিও।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71395>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন